

আর্থিক সাক্ষরতা দিবস-২০২৪

‘Digital’ লেনদেন - এর সুবিধা

- ঘরে বসে পৃথিবীর যে কোন প্রান্ত থেকে মোবাইল অ্যাপস বা কম্পিউটার এ বসে খুব সহজেই এবং ২৪/৭ ব্যাংকিং এক্সেস পাওয়ার সুবিধা রয়েছে।
- ডিজিটাল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এ যুক্ত হয়ে একজন গ্রাহক সংশ্লিষ্ট ব্যাংকের সুরক্ষিত ওয়েবসাইটের মাধ্যমে আইডি ও পাসওয়ার্ড, **2FA** অথবা **OTP** ব্যবহার করে তাঁর ব্যাংক হিসাবে লেনদেন করতে পারেন।
- ডাচ-বাংলা ব্যাংক এর ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, এজেন্ট ব্যাংকিং কার্ড এবং রকেট নাম্বার নেস্ট্রাস পে ই-ওয়ালেটে ভার্চুয়াল কার্ড হিসেবে অ্যাড করে ডিজিটাল ও ইলেকট্রনিক ফাণ্ড ট্রান্সফার সুবিধা ব্যবহার করে এক হিসাব থেকে অন্য হিসাবে বা মোবাইল ওয়ালেটে অর্থ স্থানান্তর, ইউটিলিটি বিল পরিশোধ, অনলাইন কেনাকাটা, হিসাবের বিবরণী অনুসন্ধান, ক্রেডিট কার্ডের বিল পরিশোধ, সেতুর টোল পরিশোধ, **QR** কোডের মাধ্যমে কেনাকাটা, যেকোন স্থান থেকে পিওএস এ লেনদেন করে কেনাকাটা, অনলাইন কেনাকাটার জন্য অনলাইন অর্থ প্রদানের সুবিধা এবং বিভিন্ন ডিপোজিট স্কিমে সঞ্চয় ও বিভিন্ন ইন্স্যুরেন্সের প্রিমিয়াম ইত্যাদি সহজেই করা যায়।
- এটিএম/ সিআরএম সেবা পদ্ধতির মাধ্যমে গ্রাহক ব্যাংকে না গিয়ে তাঁর কার্ড ব্যবহার করে কাছের এটিএম বুথ থেকে সহজেই টাকা উত্তোলন করতে পারেন এবং সিআরএম এর মাধ্যমে টাকা জমা ও উত্তোলন দুটোই করা যায়।
- ডিজিটাল ব্যাংকিং এর ব্যবহারে নগদ অর্থের সঙ্গে সম্পর্কিত অপরাধ প্রবণতাও কমে। এ ছাড়া ব্যবসায়িক ও প্রশাসনিক কার্যক্রমে গতি আসে এবং ভৌগলিক বাধা দূর করে আন্তর্জাতিক লেনদেন সহজতর হয়।
- ডিজিটাল ফাণ্ড ট্রান্সফারের মাধ্যমে জাল মুদ্রার ঝুঁকি কমায় এবং গ্রাহকদের জন্য গোপনীয়তা ও নিরাপত্তা জোরদার করে।
- ই-কেওয়াইসি (**e-KYC**) পদ্ধতি অনুসরণ করে ব্যাংকে না গিয়েও খুব সহজে ও স্বল্প সময়ে ব্যাংক হিসাব খোলা যায়। ই-কেওয়াইসি এর মাধ্যমে গ্রাহকের তথ্য প্রদান করতে হয় এবং স্বয়ংক্রিয়ভাবে ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানের তথ্য ভাণ্ডারে সংরক্ষিত হয়।
- ডিজিটাল লেনদেন এর ফলে কাগজ ভিত্তিক লেনদেনের ব্যবহার কমে যাওয়াতে, কাগজ, মুদ্রণ এবং নথির প্রয়োজনীয়তা কমিয়ে পরিবেশগত স্থায়িত্ব অবদান রাখতে পারে।
- ঘরে বসেই **MFS/Nexus Pay** গ্রাহকরা বাংলাদেশ ব্যাংক এর “বিনিময়” সুবিধা ব্যবহার করে অন্য **MFS** ও ব্যাংকে অর্থ পাঠাতে পারেন।

আর্থিক সাক্ষরতা দিবস-২০২৪

‘Digital’ লেনদেন - এর ব্যবহার

- **Mobile Financial Service (Rocket)**: রেজিস্টার্ড মোবাইল নম্বরের বিপরীতে অর্থ লেনদেনের জন্য যে হিসাব খোলা হয় সেটিই মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস হিসাব এবং মোবাইল ব্যাংকিং হিসাবে গ্রাহকের টাকা ইলেকট্রনিক উপায়ে জমা থাকে। পাশাপাশি সেবার মাধ্যমে নিজের হিসাব থেকে নগদ টাকা জমা ও উত্তোলন, অর্থপ্রেরণ, ইউটিলিটি বিল পরিশোধ, পণ্য-সেবার দাম পরিশোধ, **QR CODE SCAN** করে বিল পরিশোধ ইত্যাদি করা যায়।
- **Nexus Pay** এর মাধ্যমে ইনস্ট্যান্ট ঘরে বসে ডাচ-বাংলা ব্যাংক এর হিসাব খোলা যায়।
- **Nexus Pay** হল একটি সম্পূর্ণ মোবাইল অ্যাপ যার মাধ্যমে একজন ব্যক্তি ডাচ-বাংলা ব্যাংকের এ্যাকাউন্ট খোলা, এজেন্ট ব্যাংকিং কার্ড, রকেট এ্যাকাউন্ট ও ব্যাংকের ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে ক্রয়, ফান্ড ট্রান্সফার, মোবাইল টপ আপ, বিল পে, অনলাইন পেমেন্ট, টোল পেমেন্ট, মিনি সেটমেন্ট, ব্যালেন্স অনুসন্ধান ইত্যাদির মতো দৈনন্দিন ব্যাংকিং পরিষেবাগুলি নিতে পারেন।
- **বিইএফটিএন (BEFTN)** এর মাধ্যমে ব্যাংকগুলোর গ্রাহক ইলেকট্রনিক উপায়ে নিজের ব্যাংক এ্যাকাউন্ট হতে অন্য গ্রাহকের এ্যাকাউন্টে টাকা লেনদেন করতে পারেন কোনো চার্জ ছাড়াই।
- **NPSB** এর মাধ্যমে এক ব্যাংকের গ্রাহক অন্য ব্যাংকের এটিএম হতে টাকা তুলতে পারেন, যেকোন ব্যাংকের মেশিন-এ কার্ড দিয়ে লেনদেন করতে পারেন, এবং এক ব্যাংকের একাউন্ট থেকে মুহূর্তের মধ্যে অন্য ব্যাংক একাউন্টে টাকা পাঠাতে পারেন।
- **Bangla QR (Quick Response)** কোড হলো দেশের সকল ব্যাংক এবং মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস সমূহের অ্যাপ ভিত্তিক লেনদেন নিষ্পত্তির জন্য একটি সাধারণ প্ল্যাটফর্ম। এই প্ল্যাটফর্মের সাথে সংযুক্ত যেকোন ব্যাংক অথবা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের গ্রাহকগণ এই আন্তর্জাতিক কোডের মাধ্যমে লেনদেন সম্পন্ন করতে পারবেন।

Digital Banking - এ সতর্কতা :

- কোন অবস্থাতেই কারো সাথে **One Time Password (OTP)** অথবা কার্ড নাম্বার, **expiry date** এবং **CVV** নাম্বার শেয়ার করবেন না। ব্যাংক কখনই এই সব তথ্য চাইবে না।
- কখনই আপনার কার্ড কারো কাছে দিবেন না।



ডাচ-বাংলা ব্যাংক
আপনার বিশ্বস্ত সহযোগী